# Constitution & By-Laws

## CONSTITUTION & BY-LAWS

## ARTICLE I

সংজ্ঞা

এই Constitution-এ—

Association বলতে Private University Alumni Association of Bangladesh (PUAAB)-কে বুঝাবে।

Trustee Board বলতে সংগঠনের সাংবিধানিক অভিভাবক পরিষদকে বুঝাবে।

Board of Directors বলতে নির্বাচিত Director-দের সমন্বয়ে গঠিত নীতিনির্ধারণী পরিষদকে বুঝাবে।

Executive Committee বলতে Board of Directors কর্তৃক নির্বাচিত নির্বাহী কমিটিকে বুঝাবে।

University Chapter বলতে কোনো Private University-এর Alumni-দের Chapter-কে বুঝাবে।

Country Chapter বলতে বিদেশে অবস্থানরত Alumni-দের Chapter-কে বুঝাবে।

Member বলতে সংগঠনের বৈধ সদস্যকে বুঝাবে।

Director বলতে নির্বাচিত Board Member-কে বুঝাবে।

Financial Year বলতে প্রতি বছরের ১ জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত সময়কালকে বুঝাবে।

## ARTICLE II

সদস্যপদ (Membership)

### 2.1 সদস্যপদের ধরন

PUAAB-এ নিম্নলিখিত শ্রেণির সদস্য থাকবে:

ক) Founder Member

খ) General Member

গ) Life Member

ঘ) Honorary Member

ঙ) Institutional Member

চ) International Member

### 2.2 সদস্য হওয়ার যোগ্যতা

নিম্নলিখিত ব্যক্তি সদস্য হওয়ার যোগ্য হবেন:

১. বাংলাদেশেরে স্বীকৃত Private University হতে স্নাতক, স্নাতকোত্তর বা সমমানরে ডগি্রধিারী ব্যক্ত।ি
২. Private University-এর প্রাক্তন শক্ষিার্থী যনিি বশি্ববদ্যিালয়রে Alumni হসিবেে স্বীকৃত।
৩. Trustee Board বা Board of Directors কর্তৃক অনুমোদতি বশিষে ক্ষত্রেে Honorary Member।
৪. কমপক্ষে দুইজন সদস্যরে রফোরন্সে।

### 2.3 সদস্যপদ অনুমোদন

সদস্যপদরে আবদেন সংশ্লষ্টি Chapter অথবা Bangladesh Executive Committee যাচাই ও অনুমোদন করবে।

### 2.4 সদস্যরে অধকিার

প্রত্যকে বধৈ সদস্যরে অধকিার থাকব:ে

- ভোট প্রদান
- নর্িবাচনে প্রার্থী হওয়া
- সভায় অংশগ্রহণ
- সাংগঠনকি কার্যক্রমে অংশগ্রহণ
- সংগঠনরে সবো গ্রহণ

### 2.5 সদস্যপদ স্থগতি

নম্নিলখিতি ক্ষত্রেে সদস্যপদ স্থগতি করা যতেে পার:ে

- সংবধিান লঙ্ঘন
- সংগঠনরে ভাবমূর্তি ক্ষুণ্ণ করা
- আর্থকি অনয়িম
- শৃঙ্খলাভঙ্গ

### 2.6 সদস্যপদ বাতলি

Board of Directors-এর দুই-তৃতীয়াংশ (২/৩) ভোটে সদস্যপদ বাতলি করা যাব।ে
বাতলিরে পূর্বে সদস্যকে আত্মপক্ষ সমর্থনরে সুযোগ দতিে হব।ে

## ARTICLE III

Trustee Board

### 3.1 গঠন

Trustee Board সংগঠনের সর্বোচ্চ সাংবিধানিক অভিভাবক সংস্থা।
প্রাথমিকভাবে ৭ (সাত) জন Founding Trustee নিয়ে Trustee Board গঠিত হবে।

### 3.2 Trustee সংখ্যা

Trustee Board-এ সর্বনিম্ন ৭ (সাত) এবং সর্বোচ্চ ২১ (একুশ) জন Trustee থাকতে পারবেন।

### 3.3 Trustee-এর মেয়াদ

Trustee-গণ আজীবন (Lifetime) Trustee হিসেবে দায়িত্ব পালন করবেন।

### 3.4 নতুন Trustee অন্তর্ভুক্তি

নতুন Trustee অন্তর্ভুক্তির জন্য Trustee Board-এর মোট সদস্যের কমপক্ষে ৭৫% ভোট প্রয়োজন হবে।

### 3.5 Trustee পদ শূন্য হওয়া

নিম্নলিখিত কারণে Trustee পদ শূন্য হবে:

- পদত্যাগ
- মৃত্যু
- স্থায়ী অক্ষমতা
- অপসারণ

### 3.6 Trustee অপসারণ

নিম্নলিখিত কারণে Trustee অপসারণ করা যাবে:

- দুর্নীতি
- সংগঠনের স্বার্থবিরোধী কার্যকলাপ
- সংবিধান লঙ্ঘন
- গুরুতর অসদাচরণ
- আদালত কর্তৃক গুরুতর অপরাধে দণ্ডপ্রাপ্ত হওয়া

অপসারণের জন্য Trustee Board-এর মোট সদস্যের কমপক্ষে ৭৫% ভোট প্রয়োজন হবে।
অভিযুক্ত Trustee-কে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

## 3.7 Chairperson

Trustee Board-এর সদস্যদের মধ্য থেকে একজন Chairperson নির্বাচিত হবেন।

## 3.8 Chairperson-এর মেয়াদ

Chairperson-এর মেয়াদ হবে ২ (দুই) বছর।
কোনো Trustee পরপর দুই মেয়াদ Chairperson পদে দায়িত্ব পালন করতে পারবেন না।
একজন Trustee Chairperson হিসেবে একটি মেয়াদ সম্পন্ন করার পর পুনরায় Chairperson পদে নির্বাচিত হতে Trustee Board-এর অন্তত ২ (দুই) পূর্ণ মেয়াদ অতিবাহিত হতে হবে।
কোনো Trustee জীবদ্দশায় সর্বোচ্চ ৩ (তিন) বার Chairperson পদে নির্বাচিত হতে পারবেন।

## 3.9 Trustee Board-এর ক্ষমতা

Trustee Board—

- MOA ও Constitution-এর অভিভাবক হবে।
- Constitution সংশোধনের অনুমোদন প্রদান করবে।
- সংগঠনের সম্পদ ও দীর্ঘমেয়াদী স্বার্থ সংরক্ষণ করবে।
- সাংগঠনিক বিরোধের চূড়ান্ত ব্যাখ্যা প্রদান করবে।
- Bangladesh Board of Directors বিলুপ্ত করতে পারবে।
- Interim Administration নিয়োগ করতে পারবে।
- জাতীয় নির্বাচন অনুষ্ঠানের নির্দেশ দিতে পারবে।

## 3.10 Trustee Board-এর সীমাবদ্ধতা

Trustee-গণ—

- Bangladesh Executive Committee-এর পদ গ্রহণ করতে পারবেন না।
- Chapter Executive Committee-এর পদ গ্রহণ করতে পারবেন না।
- দৈনন্দিন প্রশাসনিক কর্মকাণ্ডে হস্তক্ষেপ করতে পারবেন না, যদি না সাংবিধানিক সংকট সৃষ্টি হয়।

# ARTICLE IV

Bangladesh Board of Directors

## 4.1 গঠন

PUAAB-এর সাধারণ সদস্যদের প্রত্যক্ষ ভোটে Bangladesh Board of Directors নির্বাচিত হবে।

### 4.2 Director সংখ্যা

Bangladesh Board of Directors-এ মোট ৩১ (একত্রিশ) জন Director থাকবেন।

### 4.3 মেয়াদ

Director-দের মেয়াদ হবে ২ (দুই) বছর।

### 4.4 যোগ্যতা

Director পদে নির্বাচিত হওয়ার জন্য—

- বৈধ সদস্য হতে হবে।
- সদস্যপদ কমপক্ষে ১ বছর হতে হবে।
- কোনো গুরুতর শাস্তিমূলক ব্যবস্থা না থাকতে হবে।

### 4.5 ক্ষমতা

Board of Directors—

- নীতিনির্ধারণ করবে।
- Executive Committee নির্বাচন করবে।
- বাজেট অনুমোদন করবে।
- Chapter অনুমোদন করবে।
- Chapter স্থগিত বা বিলুপ্ত করতে পারবে।
- Executive Committee তদারকি করবে।

### 4.6 সভা

Board of Directors প্রতি তিন মাসে অন্তত একবার সভা করবে।

### 4.7 কোরাম

Board of Directors-এর মোট সদস্যের অন্তত ৫০% উপস্থিতি থাকলে কোরাম সম্পন্ন হবে।

### 4.8 Director পদ শূন্য হওয়া

নিম্নলিখিত কারণে Director পদ শূন্য হবে:

- পদত্যাগ
- মৃত্যু

- অযোগ্যতা
- অপসারণ
- টানা ৩টি Board Meeting-এ অনুপস্থিতি (যথাযথ কারণ ব্যতীত)

### 4.9 Director অপসারণ

Board of Directors-এর মোট সদস্যের কমপক্ষে দুই-তৃতীয়াংশ (২/৩) ভোটে কোনো Director-কে অপসারণ করা যাবে।
অভিযুক্ত Director-কে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

## ARTICLE V

Bangladesh Executive Committee

### 5.1 পরিচিতি

Bangladesh Executive Committee (BEC) হবে PUAAB-এর সর্বোচ্চ নির্বাহী সংস্থা, যা সংগঠনের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করবে।

### 5.2 গঠন

Bangladesh Board of Directors তাদের মধ্য থেকে ভোটের মাধ্যমে Executive Committee নির্বাচন করবে।

### 5.3 পদসমূহ

Bangladesh Executive Committee-তে নিম্নলিখিত পদসমূহ থাকবে:

- President
- Senior Vice President
- Vice President (সর্বোচ্চ ৩ জন)
- Secretary General
- Joint Secretary General
- Treasurer
- Organizing Secretary
- Membership Secretary
- International Affairs Secretary
- Research, Innovation & Strategic Development Secretary

- IT & Digital Transformation Secretary
- Public Relations & Media Secretary
- Training & Career Development Secretary
- Cultural Affairs Secretary

Board of Directors প্রয়োজনে নতুন পদ সৃষ্টি বা বিলুপ্ত করতে পারবে।

### 5.4 মেয়াদ

Executive Committee-এর মেয়াদ Board of Directors-এর মেয়াদের সমান হবে, অর্থাৎ ২ (দুই) বছর।

### 5.5 ক্ষমতা ও দায়িত্ব

Executive Committee—
১. সংগঠনের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করবে।
২. Board of Directors-এর সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।
৩. বাজেট বাস্তবায়ন করবে।
৪. সদস্যপদ কার্যক্রম পরিচালনা করবে।
৫. Chapter-সমূহের সাথে সমন্বয় করবে।
৬. প্রকল্প, অনুষ্ঠান, সেমিনার, প্রশিক্ষণ ও পুনর্মিলনী আয়োজন করবে।

### 5.6 President-এর ক্ষমতা

President—

- Executive Committee-এর প্রধান হবেন।
- Executive Committee-এর সভায় সভাপতিত্ব করবেন।
- সংগঠনের পক্ষে প্রতিনিধিত্ব করবেন।
- জরুরি সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন, তবে পরবর্তী Board Meeting-এ অনুমোদন নিতে হবে।

### 5.7 Secretary General-এর ক্ষমতা

Secretary General—

- সংগঠনের প্রধান প্রশাসনিক কর্মকর্তা হবেন।
- সভার কার্যবিবরণী সংরক্ষণ করবেন।
- সাংগঠনিক কার্যক্রম সমন্বয় করবেন।
- Executive Committee-এর কার্যক্রম তদারকি করবেন।

### 5.8 Treasurer-এর ক্ষমতা

Treasurer—

- আর্থিক হিসাব রক্ষণাবেক্ষণ করবেন।
- বার্ষিক আর্থিক প্রতিবেদন প্রস্তুত করবেন।
- Audit কার্যক্রম সমন্বয় করবেন।

### 5.9 অপসারণ

Board of Directors-এর মোট সদস্যের কমপক্ষে ২/৩ ভোটে Executive Committee-এর যেকোনো পদধারীকে অপসারণ করা যাবে।

### 5.10 পদ শূন্য হওয়া

নিম্নলিখিত কারণে পদ শূন্য হবে:

- পদত্যাগ
- মৃত্যু
- অপসারণ
- স্থায়ী অক্ষমতা

### 5.11 পদ পূরণ

কোনো পদ শূন্য হলে Board of Directors অবশিষ্ট Director-দের মধ্য থেকে নতুন ব্যক্তি নির্বাচন করবে।

## ARTICLE VI

Election Commission ও নির্বাচন বিধিমালা

### 6.1 Election Commission

জাতীয় নির্বাচনের জন্য একটি স্বাধীন Election Commission গঠন করা হবে।

### 6.2 গঠন

Election Commission-এ ৩ থেকে ৭ জন সদস্য থাকবে।
Election Commission Trustee Board কর্তৃক নিয়োগপ্রাপ্ত হবে।

### 6.3 যোগ্যতা

Election Commission-এর সদস্য—

- নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।
- Trustee Board-এর সদস্য হতে পারবেন না।
- Executive Committee-এর সদস্য হতে পারবেন না।

### 6.4 দায়িত্ব

Election Commission—

- ভোটার তালিকা প্রস্তুত করবে।
- তফসিল ঘোষণা করবে।
- মনোনয়ন যাচাই করবে।
- নির্বাচন পরিচালনা করবে।
- ফলাফল ঘোষণা করবে।

### 6.5 ভোটাধিকার

সংগঠনের সকল বৈধ সদস্য ভোট দিতে পারবেন।

### 6.6 ভোট পদ্ধতি

নির্বাচন নিম্নলিখিত যেকোনো পদ্ধতিতে হতে পারে:

- সরাসরি ভোট
- অনলাইন ভোট
- হাইব্রিড ভোট
- ডাকযোগে ভোট (যদি প্রয়োজন হয়)

### 6.7 নির্বাচন না হলে

কোনো পদে প্রার্থীর সংখ্যা পদসংখ্যার সমান বা কম হলে Election Commission বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করতে পারবে।

### 6.8 নির্বাচন সংক্রান্ত বিরোধ

নির্বাচন সংক্রান্ত বিরোধ প্রথমে Election Commission এবং চূড়ান্তভাবে Trustee Board নিষ্পত্তি করবে।

# ARTICLE VII

University Chapter

## 7.1 গঠন

বাংলাদশেরে প্রতটিি স্বীকৃত Private University-এর Alumni-দরে নয়িে একটি University Chapter গঠন করা যাব।ে
একই বশি্ববদি্যালয়রে একাধকি University Chapter অনুমোদতি হবে না।

## 7.2 University Board of Directors

University Chapter-এর সদস্যগণ ভোটরে মাধ্যমে University Board of Directors নর্বিাচন করবনে।

## 7.3 Director সংখ্যা

University Board of Directors-এ সর্বনম্নি ৭ এবং সর্বোচ্চ ১৫ জন Director থাকবনে।

## 7.4 ময়োদ

Director-দরে ময়োদ ২ (দুই) বছর।

## 7.5 Executive Committee

University Board of Directors তাদরে মধ্য থকে নর্বিাচন করব:ে

- President
- Vice President
- Secretary
- Joint Secretary
- Treasurer
- Organizing Secretary
- Membership Secretary
- Executive Members

## 7.6 ক্ষমতা

University Chapter—

- Alumni Database পরিচালনা করবে।
- Alumni Networking করবে।
- Mentorship Program পরিচালনা করবে।
- PUAAB-এর জাতীয় কার্যক্রমে অংশগ্রহণ করবে।
- Alumni Welfare Program পরিচালনা করবে।

### 7.7 আর্থিক ব্যবস্থাপনা

University Chapter নিজস্ব ব্যাংক হিসাব পরিচালনা করতে পারবে।
তবে প্রতি অর্থবছর শেষে Financial Statement এবং Audit Report Bangladesh Executive Committee-এর নিকট জমা দিতে হবে।

### 7.8 জবাবদিহিতা

University Chapter Bangladesh Executive Committee ও Bangladesh Board of Directors-এর নিকট জবাবদিহি থাকবে।

### 7.9 Chapter বিলুপ্তি

নিম্নলিখিত কারণে Chapter বিলুপ্ত বা স্থগিত করা যেতে পারে:

- দুর্নীতি
- আর্থিক অনিয়ম
- সংবিধান লঙ্ঘন
- সংগঠনের স্বার্থবিরোধী কার্যকলাপ
- টানা ৬ মাস অকার্যকর থাকা

### 7.10 প্রক্রিয়া

Chapter বিলুপ্তির পূর্বে:

- লিখিত নোটিশ প্রদান করতে হবে।
- ৩০ দিনের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।
- Bangladesh Board of Directors-এর ২/৩ ভোটে সিদ্ধান্ত গৃহীত হতে হবে।

### 7.11 Interim Committee

Chapter বিলুপ্ত হলে Bangladesh Board of Directors সর্বোচ্চ ১৮০ দিনের জন্য Interim Committee নিয়োগ করতে পারবে।

Interim Committee-এর মেয়াদ শেষে হওয়ার পূর্বে নতুন নির্বাচন সম্পন্ন করতে হবে।

## ARTICLE VIII

Country Chapter

### 8.1 গঠন

বাংলাদেশের বাইরে কোনো দেশে অবস্থানরত PUAAB সদস্যদের নিয়ে Country Chapter গঠন করা যাবে।
একই দেশে সাধারণত একাধিক Country Chapter অনুমোদিত হবে না। তবে Country Chapter-এর অধীনে প্রয়োজন অনুযায়ী Regional Chapter, State Chapter, Provincial Chapter অথবা City Chapter গঠন করা যেতে পারে।
এ ধরনের Sub-Chapter সংশ্লিষ্ট Country Chapter-এর সুপারিশ এবং Bangladesh Board of Directors-এর অনুমোদনক্রমে গঠিত হবে। এবং একই Country Chapter-এর ধারা অনুযায়ী পরিচালিত হবে।

### 8.2 অনুমোদন

Country Chapter গঠনের জন্য Bangladesh Board of Directors-এর অনুমোদন আবশ্যক।

### 8.3 Country Board of Directors

Country Chapter-এর সদস্যগণ ভোটের মাধ্যমে Country Board of Directors নির্বাচন করবেন।

### 8.4 Director সংখ্যা

Country Board of Directors-এ সর্বনিম্ন ৭ (সাত) এবং সর্বোচ্চ ১৫ (পনের) জন Director থাকবেন।

### 8.5 মেয়াদ

Director-দের মেয়াদ ২ (দুই) বছর।

### 8.6 Executive Committee

Country Board of Directors নিজেদের মধ্য থেকে নির্বাচন করবে:

- President
- Vice President
- Secretary

- Joint Secretary
- Treasurer
- Organizing Secretary
- Membership Secretary

### 8.7 ক্ষমতা

Country Chapter—

- সংশ্লিষ্ট দেশে Alumni Network গঠন করবে।
- Networking Event আয়োজন করবে।
- নতুন সদস্য সংগ্রহ করবে।
- PUAAB-এর আন্তর্জাতিক কার্যক্রমে অংশগ্রহণ করবে।
- Alumni Welfare Program পরিচালনা করবে।

### 8.8 আর্থিক ব্যবস্থাপনা

Country Chapter নিজস্ব ব্যাংক হিসাব পরিচালনা করতে পারবে।

### 8.9 জবাবদিহিতা

Country Chapter Bangladesh Executive Committee এবং Bangladesh Board of Directors-এর নিকট জবাবদিহি থাকবে।

### 8.10 বিলুপ্তি

University Chapter-এর ক্ষেত্রে প্রযোজ্য একই পদ্ধতি Country Chapter-এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

## ARTICLE IX

Finance, Accounts & Audit

### 9.1 অর্থবছর

সংগঠনের অর্থবছর প্রতি বছরের ১ জুলাই হতে ৩০ জুন পর্যন্ত হবে।

### 9.2 ব্যাংক হিসাব

PUAAB-এর বিভিন্ন স্তরে পৃথক ব্যাংক হিসাব পরিচালিত হবে।
ক) Trustee Board Account
Trustee Board-এর নিজস্ব ব্যাংক হিসাব থাকবে।
এই হিসাব নিম্নলিখিত উদ্দেশ্যে ব্যবহার করা যাবে:

- Endowment Fund
- Reserve Fund
- Property Fund
- Strategic Development Fund

খ) Bangladesh Executive Committee Account
Bangladesh Executive Committee-এর পৃথক ব্যাংক হিসাব থাকবে।
গ) Chapter Account
প্রত্যেক University Chapter এবং Country Chapter নিজস্ব ব্যাংক হিসাব পরিচালনা করতে পারবে।

### 9.3 স্বতন্ত্র আর্থিক দায়

Trustee Board, Bangladesh Executive Committee এবং Chapter-সমূহের আর্থিক হিসাব পৃথক ও স্বাধীন হবে।
কোনো স্তরের আর্থিক দায় অন্য স্তরের উপর বর্তাবে না।

### 9.4 স্বাক্ষরকারী

প্রতিটি ব্যাংক হিসাব ন্যূনতম দুইজন অনুমোদিত স্বাক্ষরকারীর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

### 9.5 বাজেট

প্রতিটি সাংগঠনিক স্তর বার্ষিক বাজেট প্রস্তুত করবে।

### 9.6 হিসাব সংরক্ষণ

সকল আয়-ব্যয়, সম্পদ, দায় এবং আর্থিক দলিল সংরক্ষণ করতে হবে।

### 9.7 Audit

প্রতি অর্থবছর শেষে স্বীকৃত Chartered Accountant দ্বারা Audit সম্পন্ন করতে হবে।

### 9.8 রিপোর্টিং

University Chapter → Bangladesh Executive Committee
Country Chapter → Bangladesh Executive Committee
Bangladesh Executive Committee → Trustee Board
প্রতি বছর Audit Report, Financial Statement এবং Activity Report জমা দিতে হবে।

### 9.9 বিশেষ নিরীক্ষা

Trustee Board প্রয়োজনে Special Audit-এর নির্দেশ দিতে পারবে।

### 9.10 তহবিল ও আয়ের ব্যবহার

ক) সংগঠনের সকল আয়, সম্পদ ও তহবিল সংগঠনের উদ্দেশ্যে বাস্তবায়ন, সদস্যদের উন্নয়ন, কল্যাণ, প্রশিক্ষণ, গবেষণা, নেটওয়ার্কিং, স্কলারশিপ, সামাজিক উদ্যোগ এবং অন্যান্য অনুমোদিত কার্যক্রমে ব্যয় করা হবে।
খ) কোনো সদস্য, Trustee, Director বা Executive Committee Member সংগঠন থেকে সরাসরি লভ্যাংশ, মুনাফা বা আর্থিক বণ্টন গ্রহণ করতে পারবেন না।
গ) তবে সংগঠনের উদ্দেশ্যে বাস্তবায়নের অংশ হিসেবে অনুমোদিত প্রকল্প, সেবা, প্রশিক্ষণ, সম্মানী, ভাতা, পেশাগত সুযোগ, সদস্যসেবা, কল্যাণমূলক সুবিধা অথবা অন্যান্য বৈধ কার্যক্রমের মাধ্যমে সদস্যগণ পরোক্ষভাবে উপকৃত হতে পারবেন।

## ARTICLE X

Meetings & Quorum

### 10.1 Trustee Board Meeting

Trustee Board প্রতি বছর ন্যূনতম ২ (দুই) বার সভা করবে।

### 10.2 Trustee Board Quorum

Trustee Board-এর মোট সদস্যের ৫০% উপস্থিতি থাকলে Quorum সম্পন্ন হবে।

### 10.3 Bangladesh Board of Directors Meeting

Board of Directors প্রতি ৩ (তিন) মাসে অন্তত ১ (এক) বার সভা করবে।

### 10.4 Board Quorum

Board of Directors-এর মোট সদস্যের ৫০% উপস্থিতি থাকলে Quorum সম্পন্ন হবে।

### 10.5 Executive Committee Meeting

Executive Committee প্রতি মাসে অন্তত ১ (এক) বার সভা করবে।

### 10.6 Chapter Meeting

Chapter Board of Directors প্রতি ৩ (তিন) মাসে অন্তত ১ (এক) বার সভা করবে।

### 10.7 ভার্চুয়াল সভা

Online, Hybrid অথবা Virtual Meeting বৈধ সভা হিসেবে গণ্য হবে।

### 10.8 সিদ্ধান্ত গ্রহণ

অন্যথায় উল্লেখ না থাকলে সকল সিদ্ধান্ত সাধারণ সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত হবে।

### 10.9 সভার Notice (সাধারণ বিধান)

ক) প্রতিটি আনুষ্ঠানিক সভার পূর্বে সংশ্লিষ্ট সদস্যদের লিখিত Notice প্রদান করতে হবে।
খ) Notice-এ সভার তারিখ, সময়, স্থান (বা Virtual/Hybrid লিংক), আলোচ্য বিষয় এবং প্রস্তাবিত Resolution (যদি থাকে) উল্লেখ থাকতে হবে।
গ) Email, SMS, Mobile App Notification, Website Notice বা Registered Post-এ প্রেরিত Notice বৈধ Notice হিসেবে গণ্য হবে (অনুচ্ছেদ 14.5 অনুযায়ী)।
ঘ) Notice প্রাপ্তির তারিখ হিসেবে Email/App Notification-এর প্রেরণের তারিখ, SMS-এর প্রেরণের তারিখ, Website Notice প্রকাশের তারিখ, অথবা Registered Post গ্রহণের তারিখ গণ্য হবে।
ঙ) নিম্নলিখিত 10.10 ধারায় উল্লিখিত Notice Period-এর কম সময়ে সভা ডাকা যাবে না, তবে জরুরি সভার (Emergency Meeting) ক্ষেত্রে সংশ্লিষ্ট ধারায় উল্লিখিত Short Notice প্রযোজ্য হবে।

### 10.10 সভার ধরন অনুযায়ী Notice Period

নিম্নলিখিত সভার ক্ষেত্রে ন্যূনতম Notice Period হবে:

- Trustee Board Regular Meeting — ১৪ (চৌদ্দ) দিন
- Trustee Board Emergency Meeting — ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা (Chairperson-এর অনুমোদন সাপেক্ষে)

- Bangladesh Board of Directors Regular Meeting — ১৪ (চৌদ্দ) দিন
- Bangladesh Board of Directors Emergency Meeting — ৭ (সাত) দিন; জাতীয় জরুরি পরিস্থিতিতে ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা (President ও Secretary General-এর যৌথ অনুমোদনে)
- Bangladesh Executive Committee Regular Meeting — ৭ (সাত) দিন
- Bangladesh Executive Committee Emergency Meeting — ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা (President-এর অনুমোদনে)
- University/Country Chapter Board Regular Meeting — ৭ (সাত) দিন
- University/Country Chapter Board Emergency Meeting — ৭২ (বাহাত্তর) ঘণ্টা (Chapter President-এর অনুমোদনে)
- Annual General Meeting (AGM) — ৩০ (ত্রিশ) দিন
- Special General Meeting (SGM) — ২১ (একুশ) দিন
- National Council Meeting — ২১ (একুশ) দিন
- National Convention — ৬০ (ষাট) দিন
- No Confidence Motion / Removal Hearing — ১৪ (চৌদ্দ) দিন
- Disciplinary / Appeal Hearing — ১৪ (চৌদ্দ) দিন লিখিত Notice
- Emergency Governance Meeting — ৭২ (বাহাত্তর) ঘণ্টা (Trustee Board Chairperson-এর অনুমোদনে)

### 10.11 Short Notice ও Waiver

ক) Quorum-এ উপস্থিত সকল সদস্য লিখিতভাবে বা সভায় সম্মতি দিলে Short Notice বৈধ হতে পারে।
খ) অনুপস্থিত সদস্যের পক্ষে Short Notice-এ সম্মতি দেওয়া যাবে না।
গ) Constitution Amendment, Dissolution, Director/Trustee Removal, No Confidence Motion এবং Budget Approval-এর সভায় Short Notice প্রযোজ্য হবে না; 10.10-এর পূর্ণ Notice Period বাধ্যতামূলক।

## ARTICLE XI

Ethics, Discipline & Removal

### 11.1 আচরণবিধি

সকল সদস্য, Director, Executive এবং Trustee সংগঠনের মর্যাদা রক্ষা করবেন।

### 11.2 নিষিদ্ধ কার্যক্রম

নিম্নলিখিত কার্যক্রম শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে:

- দুর্নীতি
- অর্থ আত্মসাৎ
- জালিয়াতি
- ক্ষমতার অপব্যবহার
- সংগঠনের সুনাম ক্ষুণ্ণ করা
- সংবিধান লঙ্ঘন

### 11.3 তদন্ত কমিটি

অভিযোগের ক্ষেত্রে Board of Directors অথবা Trustee Board তদন্ত কমিটি গঠন করতে পারবে।

### 11.4 শাস্তি

অপরাধের মাত্রা অনুযায়ী—

- সতর্কবার্তা
- সাময়িক বরখাস্ত
- সদস্যপদ স্থগিত
- পদচ্যুতি
- স্থায়ী বহিষ্কার

আরোপ করা যাবে।

### 11.5 আত্মপক্ষ সমর্থন

কোনো শাস্তি প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

### 11.6 No Confidence Motion

Board of Directors-এর মোট সদস্যের দুই-তৃতীয়াংশ (২/৩) ভোটে—

- President
- Secretary General
- Treasurer
- অথবা Executive Committee-এর যেকোনো সদস্যকে

অপসারণ করা যাবে।

### 11.7 পুনর্নির্বাচন

No Confidence Motion গৃহীত হলে Board of Directors ৩০ দিনের মধ্যে নতুন Executive নির্বাচন করবে।

# ARTICLE XII

Amendment & Dissolution

## 12.1 Constitution Amendment

সংবিধান সংশোধনের জন্য—
ক) Bangladesh Board of Directors-এর দুই-তৃতীয়াংশ (২/৩) সমর্থন।
এবং
খ) Trustee Board-এর পঁচাত্তর শতাংশ (৭৫%) সমর্থন।
বাধ্যতামূলক হবে।

## 12.2 Chapter Constitution

কোনো Chapter নিজস্ব By-Laws প্রণয়ন করতে পারবে।
তবে তা PUAAB Constitution-এর সাথে সাংঘর্ষিক হতে পারবে না।

## 12.3 National Dissolution

Trustee Board-এর কমপক্ষে ৭৫% ভোটে এবং Bangladesh Board of Directors-এর দুই-তৃতীয়াংশ (২/৩) সমর্থনে সংগঠন বিলুপ্ত করা যাবে।

## 12.4 সম্পদের ব্যবহার

সংগঠন বিলুপ্ত হলে সকল দেনা-পাওনা পরিশোধের পর অবশিষ্ট সম্পদ বাংলাদেশে নিবন্ধিত কোনো অলাভজনক প্রতিষ্ঠানে হস্তান্তর করা হবে।

## 12.5 ব্যাখ্যার ক্ষমতা

সংবিধানের কোনো ধারার ব্যাখ্যা নিয়ে বিরোধ সৃষ্টি হলে Trustee Board-এর ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

# ARTICLE XIII

General Council

### 13.1 পরিচিতি

General Council হবে PUAAB-এর সর্বোচ্চ সাধারণ সদস্য পরিষদ।
সংগঠনের সকল বৈধ সদস্য General Council-এর সদস্য হিসেবে গণ্য হবেন।

### 13.2 ক্ষমতা

General Council—

- Board of Directors নির্বাচন করবে।
- সংগঠনের অগ্রগতি সম্পর্কে অবহিত থাকবে।
- বার্ষিক প্রতিবেদন গ্রহণ করবে।
- সাংগঠনিক বিষয়ে মতামত প্রদান করতে পারবে।

### 13.3 Annual General Meeting (AGM)

PUAAB প্রতি বছর অন্তত ১ (এক) বার Annual General Meeting (AGM) আয়োজন করবে।

### 13.4 AGM-এ উপস্থাপনযোগ্য বিষয়

AGM-এ নিম্নলিখিত বিষয় উপস্থাপন করতে হবে:

- Annual Activity Report
- Annual Financial Report
- Audit Report
- Membership Report
- Strategic Plan

### 13.5 Special General Meeting (SGM)

প্রয়োজনবোধে Special General Meeting আহ্বান করা যাবে।

### 13.6 SGM আহ্বান

নিম্নলিখিত যেকোনো ক্ষেত্রে SGM আহ্বান করা যাবে:

- Trustee Board-এর সিদ্ধান্তে
- Board of Directors-এর সিদ্ধান্তে
- মোট সদস্যের কমপক্ষে ১০% সদস্যের লিখিত আবেদনে

### 13.7 AGM Notice

Annual General Meeting (AGM) আহ্বানের জন্য General Council-এর সকল বৈধ সদস্যকে অনুচ্ছেদ 10.10 অনুযায়ী ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন আগে Notice প্রদান করতে হবে। Notice-এ AGM-এর Agenda, Annual Report, Financial Statement ও Audit Report-এর প্রাপ্যতা উল্লেখ থাকতে হবে।

### 13.8 SGM Notice

Special General Meeting (SGM) আহ্বানের জন্য General Council-এর সকল বৈধ সদস্যকে অনুচ্ছেদ 10.10 অনুযায়ী ন্যূনতম ২১ (একুশ) দিন আগে Notice প্রদান করতে হবে। Notice-এ SGM আহ্বানের কারণ ও আলোচ্য বিষয় স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

### 13.9 General Council-এর Quorum

সশরীরে, অনলাইনে অথবা হাইব্রিড পদ্ধতিতে অংশগ্রহণকারী সদস্যদের উপস্থিতি বৈধ উপস্থিতি হিসেবে গণ্য হবে।

## ARTICLE XIV

Digital Governance & Electronic Voting

### 14.1 ডিজিটাল কার্যক্রম

PUAAB ডিজিটাল, অনলাইন ও ইলেকট্রনিক পদ্ধতিতে কার্যক্রম পরিচালনা করতে পারবে।

### 14.2 ডিজিটাল সদস্যপদ

সদস্যপদ আবেদন, নবায়ন, যাচাই ও রেকর্ড ডিজিটালভাবে সংরক্ষণ করা যাবে।

### 14.3 Online Voting

জাতীয় নির্বাচন, Chapter নির্বাচন, গণভোট এবং অন্যান্য ভোটগ্রহণ ডিজিটাল পদ্ধতিতে পরিচালনা করা যাবে।

### 14.4 Hybrid Voting

Election Commission প্রয়োজন অনুযায়ী—

- Physical Voting

- Online Voting
- Hybrid Voting

পদ্ধতির যেকোনোটি গ্রহণ করতে পারবে।

### 14.5 Electronic Notice

Email, SMS, Mobile App Notification, Website Notice অথবা অন্য কোনো ডিজিটাল মাধ্যমে প্রেরিত নোটিশ বৈধ নোটিশ হিসেবে গণ্য হবে।

### 14.6 Digital Signature

Board Resolution, Meeting Minutes এবং অন্যান্য সাংগঠনিক নথিতে Electronic Signature ব্যবহার করা যেতে পারে।

### 14.7 Electronic Records

ডিজিটালভাবে সংরক্ষিত তথ্য, ভোটের ফলাফল, Meeting Minutes, Financial Records এবং Membership Records বৈধ দলিল হিসেবে গণ্য হবে।

## ARTICLE XV

Founding Provisions

### 15.1 Founding Trustees

সংগঠনের প্রতিষ্ঠাকালীন ৭ (সাত) জন ব্যক্তি Founding Trustee হিসেবে স্বীকৃত হবেন।

### 15.2 Founding Board

সংগঠনের প্রথম Bangladesh Board of Directors প্রতিষ্ঠাকালীনভাবে মনোনীত হতে পারবে।

### 15.3 First Executive Committee

প্রথম Bangladesh Executive Committee প্রতিষ্ঠাকালীন Board of Directors কর্তৃক গঠিত হবে।

### 15.4 First Election

নিবন্ধনের তারিখ হতে সর্বোচ্চ ২৪ (চব্বিশ) মাসের মধ্যে প্রথম পূর্ণাঙ্গ জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে।

### 15.5 First Chapter Formation

প্রতিষ্ঠাকালীন সময়ে Bangladesh Executive Committee প্রয়োজন অনুযায়ী University Chapter এবং Country Chapter অনুমোদন করতে পারবে।

### 15.6 Founding Documents

Founding Trustee-দের নাম, ঠিকানা, পেশা এবং স্বাক্ষর পৃথক Schedule-এ সংরক্ষিত থাকবে।

## ARTICLE XVI

Miscellaneous Provisions

### 16.1 সংগঠনের লোগো

PUAAB-এর একটি অনুমোদিত Logo থাকবে।
Logo ব্যবহারের নীতিমালা Board of Directors নির্ধারণ করবে।

### 16.2 অফিসিয়াল ভাষা

সংগঠনের অফিসিয়াল ভাষা বাংলা হবে।
প্রয়োজনে ইংরেজি ভাষাও ব্যবহার করা যাবে।

### 16.3 অফিসিয়াল যোগাযোগ

Email, Website, Mobile Application এবং অন্যান্য অনুমোদিত ডিজিটাল প্ল্যাটফর্ম সংগঠনের অফিসিয়াল যোগাযোগ মাধ্যম হিসেবে গণ্য হবে।

### 16.4 রাজনৈতিক নিরপেক্ষতা

PUAAB কোনো রাজনৈতিক দলের অঙ্গসংগঠন হিসেবে কাজ করবে না।
সংগঠন কোনো রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে আনুষ্ঠানিক অবস্থান গ্রহণ করবে না।

### 16.5 বৈষম্যহীনতা

ধর্ম, বর্ণ, লিঙ্গ, জাতিগত পরিচয়, বিশ্ববিদ্যালয়, দেশ বা রাজনৈতিক মতাদর্শের ভিত্তিতে কোনো সদস্যের প্রতি বৈষম্য করা যাবে না।

### 16.6 স্বার্থের সংঘাত (Conflict of Interest)

কোনো Trustee, Director বা Executive Committee Member-এর ব্যক্তিগত স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে ভোট প্রদান থেকে বিরত থাকতে হবে।

### 16.7 সংগঠনের সিল

সংগঠনের একটি Official Seal থাকবে।
Seal ব্যবহারের নীতিমালা Board of Directors নির্ধারণ করবে।

### 16.8 কার্যকারিতা

এই Constitution ও By-Laws Trustee Board কর্তৃক অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

## ARTICLE XVII

National Council

### 17.1 পরিচিতি

National Council হবে PUAAB-এর সর্বোচ্চ প্রতিনিধিত্বমূলক পরামর্শ পরিষদ।
National Council কোনো নির্বাহী সংস্থা নয় এবং দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করবে না।

### 17.2 National Council-এর সদস্য

National Council-এ নিম্নলিখিত ব্যক্তিগণ সদস্য হবেন:

- Trustee Board-এর সকল সদস্য
- Bangladesh Board of Directors-এর সকল সদস্য
- Bangladesh Executive Committee-এর সকল সদস্য
- সকল University Chapter-এর President
- সকল Country Chapter-এর President

### 17.3 ক্ষমতা

National Council—

- দীর্ঘমেয়াদী কৌশলগত বিষয়ে পরামর্শ প্রদান করবে।
- সাংগঠনিক সংস্কার বিষয়ে সুপারিশ করবে।
- জাতীয় পর্যায়ের গুরুত্বপূর্ণ বিষয়ে মতামত প্রদান করবে।
- Trustee Board ও Board of Directors-এর নিকট সুপারিশ পেশ করতে পারবে।

### 17.4 National Council Meeting

National Council প্রতি বছর অন্তত ১ (এক) বার সভা করবে। National Council Meeting আহ্বানের জন্য অনুচ্ছেদ 10.10 অনুযায়ী ন্যূনতম ২১ (একুশ) দিন আগে Notice প্রদান করতে হবে।

### 17.5 National Convention

PUAAB প্রতি ২ (দুই) বছর অন্তর National Convention আয়োজন করবে।
National Convention-এ সকল সদস্য অংশগ্রহণ করতে পারবেন। National Convention আয়োজনের জন্য অনুচ্ছেদ 10.10 অনুযায়ী ন্যূনতম ৬০ (ষাট) দিন আগে Notice প্রদান করতে হবে।

## ARTICLE XVIII

Vacancy Filling

### 18.1 Trustee Vacancy

কোনো Trustee পদ শূন্য হলে Trustee Board-এর ৭৫% ভোটে নতুন Trustee অন্তর্ভুক্ত করা যাবে।

### 18.2 National Director Vacancy

Bangladesh Board of Directors-এর কোনো পদ শূন্য হলে Board of Directors অবশিষ্ট মেয়াদের জন্য নতুন Director মনোনীত করতে পারবে।

### 18.3 Chapter Director Vacancy

Chapter Board-এর কোনো পদ শূন্য হলে সংশ্লিষ্ট Chapter Board নতুন Director মনোনীত করতে পারবে।

### 18.4 Executive Vacancy

President, Secretary General, Treasurer অথবা অন্য কোনো Executive পদ শূন্য হলে সংশ্লিষ্ট Board নতুন নির্বাচন করবে।

## ARTICLE XIX

Appeals & Dispute Resolution

### 19.1 আপিলের অধিকার

যে কোনো সদস্য, Director বা Executive Committee Member শাস্তিমূলক সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন।

### 19.2 Chapter Appeal

Chapter-এর সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল Bangladesh Board of Directors-এর নিকট করতে হবে।

### 19.3 National Appeal

Bangladesh Board of Directors বা Executive Committee-এর সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল Trustee Board-এর নিকট করতে হবে।

### 19.4 Trustee Board Appeal

Trustee Board-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

### 19.5 মধ্যস্থতা

প্রয়োজন হলে Trustee Board Arbitration Panel বা Mediation Committee গঠন করতে পারবে।

## ARTICLE XX

Emergency Governance

### 20.1 জরুরি অবস্থা

নিম্নলিখিত পরিস্থিতিতে Emergency Governance ঘোষণা করা যেতে পারে:

- গুরুতর সাংগঠনিক সংকট
- আর্থিক জালিয়াতি
- আদালতের আদেশে
- জাতীয় নিরাপত্তা পরিস্থিতি
- প্রাকৃতিক দুর্যোগ
- নির্বাচন পরিচালনা অসম্ভব হয়ে পড়া

### 20.2 Emergency Authority

Trustee Board-এর কমপক্ষে ৭৫% ভোটে Emergency Governance ঘোষণা করা যাবে।

### 20.3 Interim Administration

Emergency Governance চলাকালে Trustee Board Interim Administration নিয়োগ করতে পারবে।

### 20.4 সময়সীমা

Emergency Governance সর্বোচ্চ ১৮০ দিন বলবৎ থাকবে।
বিশেষ ক্ষেত্রে Trustee Board-এর ৭৫% ভোটে আরও ১৮০ দিন বৃদ্ধি করা যাবে।

### 20.5 নির্বাচন

Emergency Governance শেষে হওয়ার পূর্বে নতুন নির্বাচন সম্পন্ন করতে হবে।

## ARTICLE XXI

Indemnity & Protection

### 21.1 সৎ উদ্দেশ্যে গৃহীত সিদ্ধান্ত

Trustee, Director, Executive Committee Member বা Chapter Officer কর্তৃক সৎ উদ্দেশ্যে গৃহীত সিদ্ধান্তের জন্য ব্যক্তিগতভাবে দায়ী করা যাবে না।

### 21.2 ব্যক্তিগত দায়

কোনো Trustee, Director বা Executive Member-এর ব্যক্তিগত আর্থিক দায় সংগঠনের উপর বর্তাবে না।

### 21.3 সাংগঠনকি দায়

সংগঠনরে দায় সংগঠনরে নজিস্ব সম্পদ ও তহবলি দ্বারা বহন করা হবে।

## ARTICLE XXII

### Schedules

এই Constitution-এর অবচ্ছিদ্যে অংশ হসিবেে নম্নিলখিতি Schedule সংযুক্ত থাকবে:

Schedule A — Founding Trustee-দরে তালকিা
Schedule B — Membership Categories & Fees
Schedule C — Election Rules & Procedures (পৃথক নথি: puaab_election_rules.txt)
Schedule D — Code of Conduct
Schedule E — Financial Policies
Schedule F — Chapter Recognition Guidelines
Schedule G — Logo & Branding Guidelines

## SCHEDULE A

### Founding Trustees

সংগঠনরে প্রতষ্ঠিাকালীন ৭ (সাত) জন Founding Trustee-এর নাম, ঠকিানা, পশো এবং স্বাক্ষর এই Schedule-এ সংরক্ষতি থাকবে।
Founding Trustee-দরে তালকিা Trustee Board কর্তৃক অনুমোদতি ও সংরক্ষতি হবে।

## SCHEDULE B

### Membership Categories & Fees

সদস্যপদরে শ্রণে, যোগ্যতা, আবদেন প্রক্রয়িা এবং সদস্যপদ ফি (যদি প্রযোজ্য) এই Schedule-এ নর্ধিারতি থাকবে।
Membership Categories: Founder Member, General Member, Life Member, Honorary Member, Institutional Member, International Member।

## SCHEDULE D

### Code of Conduct

সকল সদস্য, Trustee, Director, Executive Committee Member এবং Chapter Officer-দরে জন্য আচরণবধি, নতৈকি মানদণ্ড এবং শৃঙ্খলা সংক্রান্ত নর্দিশেকিা এই Schedule-এ থাকবে।

## SCHEDULE E

### Financial Policies

আয়-ব্যয়, বাজেট, Audit, ব্যাংক হিসাব, তহবিল ব্যবস্থাপনা এবং আর্থিক জবাবদিহিতা সংক্রান্ত বিস্তারিত নীতিমালা এই Schedule-এ নির্ধারিত থাকবে।

## SCHEDULE F

### Chapter Recognition Guidelines

University Chapter এবং Country Chapter গঠন, অনুমোদন, স্বীকৃতি, পুনর্মূল্যায়ন এবং বিলুপ্তির নির্দেশিকা এই Schedule-এ থাকবে।

## SCHEDULE G

### Logo & Branding Guidelines

PUAAB Logo, Official Seal, Brand Identity এবং অনুমোদিত ব্যবহারের নীতিমালা এই Schedule-এ নির্ধারিত থাকবে।